দৈনিক ইনকিলাব

তারিখ ... 06 JUL 1991
পৃষ্ঠা ... কলাম ... ৩

## এন, কে, কলেজের অনুমোদন

মফস্বল

অনেক আবেদন নিবেদন সত্ত্বেও লাকসাম উপজেলার নীলকান্ত মহাবিদ্যালয়টি (এন কে কলেজ) দীর্ঘদিন থেকে সরকারের অনুমোদন পাচ্ছে না।

১৯৮৬ সালে অত্র এলাকার বিশিষ্ট সমাজ সেবক ও শিক্ষানুরাগী এস আর চৌধুরী কলেজটি প্রতিষ্ঠা করেন। কলেজটি মনোহরগঞ্জ থেকে মাত্র আধা মাইলের মধ্যে অবস্থিত।

এর আশেপাশে আর কোন কলেজ নাই। প্রতিষ্ঠার পর থেকে কলেজটিতে অত্র এলাকার দরিদ্র জনগণের এখন কলেজে পড়ার জন্য আর তাদের দূর-দূরান্তে যেতে হয় না। কলেজটির সংগে আশেপাশের যোগাযোগ ব্যবস্থাও ভাল। বর্তমানে অভিজ্ঞ শিক্ষক মণ্ডলী দ্বারা কলেজটি পরিচালিত হচ্ছে। বিগত সরকারের আমলে শিক্ষামন্ত্রীর সুপারিশ সত্ত্বেও কলেজটি অনুমোদন পায়নি। অনেক আবেদন নিবেদনের পর গত বছরের ২৬ মে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক এক পত্রে (স্মারক নং-৫৩৩) কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি দেয়। চলতি বছর এই কলেজ থেকে প্রায় ৩০ জন ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। কিন্তু এরপরও কলেজটিকে সরকারী অনুমোদন দিতে বোর্ড কর্তৃপক্ষ গরিমসি করছেন। অভিজ্ঞ মহলের মতে কলেজটি সরকারী অনুমোদন পেলে এটি অত্র এলাকার শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে।

বর্তমানে কলেজটিতে আবশ্যিক বিষয় বাংলা, ইংরেজী ছাড়াও অর্থনীতি, পৌরনীতি, ইতিহাস ও সমাজ বিজ্ঞান পড়ানো হচ্ছে। কলেজটি পরিচালনার সার্বিক ব্যয়ভার বহন করছেন এর প্রতিষ্ঠাতা জনাব এস, আর চৌধুরী। তিনি দীর্ঘদিন কলেজটির যাবতীয় খরচ বহন করে আসছেন। অবিলম্বে সরকারী অনুমোদন ও সাহায্য সহযোগিতা না পেলে কলেজটি চালানো সম্ভব হবে না। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি একান্তভাবে কাম্য।

—সালাউদ্দীন আইয়ুব।

27